

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৮৪০(আগরতলা ১১।০২)
আগরতলা, ১১ ফেব্রুয়ারি, ২০২৪

কমল কাপ ক্রিকেট প্রতিযোগিতার
ফাইনাল ম্যাচের উদ্বোধন করলেন মুখ্যমন্ত্রী

মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা আজ কমল কাপ ক্রিকেট প্রতিযোগিতার ফাইনাল ম্যাচের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। আমতলী বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত কমল কাপ ক্রিকেট প্রতিযোগিতার ফাইনালে বণিক ব্রাদার্স বনাম নীলজ্যোতি ট্র্যাভেলস পরস্পরের মুখোমুখি হয়। ফাইনালে নীলজ্যোতি ট্র্যাভেলস বণিক ব্রাদার্সকে পরাজিত করে চ্যাম্পিয়ানের শিরোপা লাভ করে। পুরস্কারস্বরূপ চ্যাম্পিয়ান নীলজ্যোতি ট্র্যাভেলসকে টাটা টিয়াগো গাড়ি ও ট্রফি এবং রানার্স বণিক ব্রাদার্সকে ৫০ হাজার টাকা ও ট্রফি দেওয়া হয়েছে।

ফাইনাল ম্যাচের উদ্বোধনী অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা প্রতিযোগিতার আয়োজকদের ধন্যবাদ জানান। পাশাপাশি তিনি রাজ্য বিধানসভার উপাধ্যক্ষ তথা সূর্যমনিগর বিধানসভা এলাকার বিধায়ক রামপ্রসাদ পালের এই ধরনের উদ্যোগের ভূয়সী প্রশংসা করেন। মুখ্যমন্ত্রী বলেন, বর্তমান রাজ্য সরকার জনস্বার্থে নিরন্তর কাজ করে চলেছে। প্রতিযোগিতার ফাইনাল ম্যাচের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী টিংকু রায়, ত্রিপুরা বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল, আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, বিধায়ক মীনারাণী সরকার, বিশিষ্ট সমাজসেবী রাজীব ভট্টাচার্য প্রমুখ। খেলা শুরুর আগে মুখ্যমন্ত্রী সহ উপস্থিত অতিথিগণ ফাইনাল ম্যাচের দুই দলের খেলোয়াড়দের সাথে পরিচিত হন।
